গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

চেয়ারম্যান ঃ মোঃ সহীদুল ইসলাম মজনু
মোবাইল ঃ ০১৭১১-১৬০০২১

অফিস ঃ গোপালপুর, পোঃ ঈশানপুর
উপজেলাঃ ফরিদপুর সদর, জেলা ঃ ফরিদপুর।

**স্মারক নং-ঈগোই-২০২৩/১১৭** **তারিখঃ ২০/১১/২০২৩**

## ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির নভেম্বর/২৩ মাসের সভার কার্যবিবরণী

**সভাপতিঃ মোঃ সহীদুল ইসলাম মজনু**

**স্থান: ইউপি সভাকক্ষ** **তারিখ: ২০/১১/২০২৩ ইং** **সময়: সকাল ১০.০০ ঘটিকা**

উপস্থিত সদস্য ঃ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যঃ পরিশিষ্ট- খ দ্রষ্টব্য

আলোচ্যসূচী:
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির কার্যক্রম প্রসঙ্গে।
৩। বিবিধ।

অদ্যকার সভার সম্মানিত সভাপতি জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু চেয়ারম্যান ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর এর সভাপতিত্বে সভার কার্যাবলী আরম্ভ করা হয়। সভার শুরুতে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান যাহা অনুমোদিত হয়।

| ক্রঃনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি |
|---|---|---|---|---|
| ১ | আইন শৃঙ্খলা | সভায় চেয়ারম্যান সাহেব ঈশান গোপালপুর ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল বলে জানান।আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে ভাল থাকে এবিষয়ে প্রতিটি ওয়ার্ডের আইন-শৃঙ্খলার পরিস্থিতি বিষয়ে চেয়ারম্যান সাহেব জানতে চাইলে ০১ থেকে ০৯ নং ওয়ার্ডের সদস্যগন জানান যে তাহাদের ওয়াডের আইন-শৃঙ্খলা ভাল আছে বলে জানান। সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ ইউপির আইনশৃঙ্খলার পরিস্থিতি বিষয়ে ভাল বলে জানান।এ বিষয়ে সকলকে সজাগ থাকার জন্য অনুরোধ জানান। | গ্রামে গ্রামে গ্রামপুলিশের পাহাড়া দেয়ার সিদ্ধান্ত হয়। | চেয়ারম্যান, ইউ,পি সদস্য ও গ্রাম পুলিশ। |
| ২ | শিক্ষা | সভায় জনাব একেএম ইউসুফ আলী প্রধান শিক্ষক ,ঈশান ইনস্টিটিউশন উচ্চ বিদ্যালয় জানান যে তার বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পড়াশুনার মান ভাল। ছাত্র-ছাত্রীদের শ্রেণিকক্ষে ভালভাবে বসার জন্য আসবাব পত্র সরবরাহ করার জন্য চেয়ারম্যান সাহেব কে অনুরোধ জানান। | আগামীতে কোন বরাদ্দ পাওয়া গেলে ব্যবস্থা নেয়া হবে। | চেয়ারম্যান |
| ৩ | কৃষি | সভায় উপ-সহকারি কৃষি কর্মকর্তা মোঃ ইলিয়াস হোসেনসহ তিনজন উপ-সহকারি কৃষি কর্মকর্তা জানান যে, চলতি অর্থবছরে রবি মৌসুমে কৃষকদের জন্য বিনামূল্যে ১৫০জনকে গম, ২০জনকে ভূট্টা, ৪০০জনকে সরিষা, ৪৫জনকে মুগ,এবং ১৫জনকে খেসারী বীজ ও সার হয়েছে। | যারা বীজ ও সার পেয়েছে তারা যাতে সুন্দরভাবে চাষাবাদ করে উপসহকারী কৃষি কর্মকর্তাদের অনুরোধ জানান হয়। | চেয়ারম্যান। |
| ৪ | স্বাস্থ্য | ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের মেডিকেল অফিসার ডা.চন্দ্রিমা দাস জানান যে সরকারের নির্দেশনা অনুযায়ী ০১ দিন থেকে ৪৫ দিনের মধ্যে শিশুদের টিকা নেওয়ার জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন করার গুরুত্ব দিয়েছেন এবং ঈশান গোপালপুর ইউনিয়ন স্বাস্থ্য | শিশুদের টিকা নেওয়ার সময় জন্ম ও মৃত্যু নিবন্ধন করার জন্য অভিভাবকদের পরামর্শ দিতে হবে এবং ঔষধ | চেয়ারম্যান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কেন্দ্রে এবং কমিউনিটি ক্লিনিকে পর্যাপ্ত ঔষধ সরবরাহ আছে। | সরবরাহ থাকার কারণে রোগী ভাল সেবা পাচ্ছে। আগামীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | |
| ৫ | জনস্বাস্থ্য | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের মেকানিক মোঃ শাহজাহান জানান যে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস হইতে অত্র ইউনিয়নে ১৫টি গভীর নলকূপ স্থাপনের কাজ চলছে। | দ্রুত নলকূপ গুলো স্থাপন করার ব্যবস্থা নিতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ফরিদপুর সদর,ফরিদপুর। |
| ৬ | সমাজ সেবা | ইউনিয়ন সমাজ কর্মী শোভন দাস জানান যে সমাজ সেবা অধিদপ্তরের মাধ্যমে যে সকল ভাতাভোগী মৃত্যুবরণ করেছে তাদের পরিবর্তে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করতে হবে। | যে সকল ভাতাভোগী মৃত্যুবরণ করেছে তাদের বই সংগ্রহ এবং নতুন ভাতাভোগীর তথ্য সংগ্রহ করার জন্য অনুরোধ জানান হয়। | ইউ,পি চেয়ারম্যান ও উপজেলা সমাজসেবা অফিস। |
| ৭ | বিআরডিবি | বি,আর,ডি,বি বিভাগের মাঠকর্মী লাইলী বেগম জানান তারা ইউপির অসহায় জনগণের মধ্যে ঋণপ্রদান কার্যক্রম অব্যাহত রেখেছেন। | নতুন আরও সদস্য বাড়াতে হবে। | উপজেলা বি,আর,ডি,বি কর্মকর্তা, ফরিদপুর সদর,ফরিদপুর। |
| ৮ | জন্ম ও মৃত্যু নিবন্ধন | ইউ,পি সচিব সাহেব জানান যে, সরকার ০১ দিন থেকে ৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিনা ফিতে করার আইন করেছেন এবং ০১ থেকে ০১ বছরের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন করার গুরুত্ব দিয়েছেন।প্রতিমাসে ১বছরের মধ্যে ৫৪জনের জন্ম এবং ১৪জনের মৃত্যু নিবন্ধন করতে হবে। | সকল ইউপি সদস্য গ্রামপুলিশ এবং স্বাস্থ্য কর্মীদের এ বিষয়ে এক সাথে কাজ করার অনুরোধ জানান। | চেয়াম্যান |
| ৯ | বাল্য বিবাহ | সভায় চেয়ারম্যান, জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু সাহেব জানান যে , ঈশান গোপালপুর ইউনিয়নের বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ করা প্রয়োজন।ছেলে মেয়েদের বয়স বাড়িয়ে জন্ম নিবন্ধন করে বাল্য বিবাহ দিতে না পারে সে ব্যাপারে সবাইকে সতর্ক থাকার পরামর্শ দেন। | বাল্য বিবাহ ও নারী নির্যাতন যাতে না হয় সেই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা। | চেয়ারম্যান ও ইউপি সদস্যবৃন্দ। |
| ১০ | ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ২য় পর্যায় খাল খনন প্রসংগে। | সভায় চেয়ারম্যান সাহেব জানান যে, ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ২য় পর্যায় এর আওতায় ফরিদপুর জেলার ফরিদপুর সদর উপজেলাধীন ০১ নং ঈশান গোপালপুর ইউনিয়নের ০১টি গুরুত্ব পূর্ণ খাল শুষ্ক মৌসুমে শুকিয়ে যায় । যার ফলে কৃষি সহ মৎস্য চাষের অনেক সমস্যা হয়। খাল গুলো খনন করা হলে কৃষি (সেচ) সুবিধা হবে ফসল উৎপাদন বাড়বে মৎস্য উৎপাদন বৃদ্ধি পাবে। এলাকার মানুষের আর্থ সামাজিক উন্নয়ন ঘটবে। তাই খাল গুলো খনন করা জরুরী। | ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ২য় পর্যায় ঈশান গোপালপুর ইউনিয়নের নিম্নোক্ত খাল গুলো খনন ও পূণঃ খনন করা প্রয়োজন।<br>১।চরনশীপুর তারামিয়ার খালপাড় হতে নবুমল্লিকের পর্যন্ত খাল খনন ও পূণঃ খনন। | উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর,ফরিদপুর। |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানাইয়া সভার সমাপ্ত ঘোষনা করেন।

(মোঃ সহীদুল ইসলাম মজনু)
চেয়ারম্যান
১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ
ফরিদপুর সদর, ফরিদপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

চেয়ারম্যান ঃ মোঃ সহীদুল ইসলাম মজনু
মোবাইল ঃ ০১৭১১-১৬০০২১

অফিস ঃ গোপালপুর, পোঃ ঈশানপুর
উপজেলাঃ ফরিদপুর সদর, জেলা ঃ ফরিদপুর।


স্মারক নং-ঈগোই-২০২৩/১১৭(৩) তারিখঃ ২০/১১/২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ
১। উপ-পরিচালক,(উপসচিব)স্থানীয় সরকার,ফরিদপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর,ফরিদপুর।
৩। অফিস নথি।

(মোঃ সহীদুল ইসলাম মজনু)
চেয়ারম্যান
১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ
ফরিদপুর সদর, ফরিদপুর।